

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.২১১.১৮.০৩৩.২০.৬৯৬


তারিখঃ ১৩-০৪-২০২১ খ্রিঃ

শোক বার্তা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব জনাব রাশিদা বেগম (পরিচিতি নং-৩৫৯৩) ক্যান্সারে আক্রান্ত হয়ে গত ০৫-০৪-২০২১ তারিখ সকাল ৭.০০ ঘটিকায় ঢাকার ল্যাব এইড হাসপাতালে মৃত্যুবরণ করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

২। অতিরিক্ত সচিব জনাব রাশিদা বেগম ০৩-০৬-১৯৬০ তারিখ সাতক্ষীরা জেলার সদর উপজেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি বাংলাদেশ সিভিল সার্ভিসের প্রশাসন ক্যাডারের একজন কর্মকর্তা হিসেবে চাকুরিতে যোগদান করেন। তিনি এ মন্ত্রণালয়ে ০১-০৬-২০২০ তারিখ পর্যন্ত অতিরিক্ত সচিব পদে কর্মরত ছিলেন। তিনি ০২-০৬-২০১৯ তারিখে চাকুরি হতে অবসর গ্রহণ করেন।

৩। আমি মন্ত্রণালয়ের পক্ষ থেকে মরহমের আত্মার মাগফেরাত কামনা করছি এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর শোক ও সমবেদনা জ্ঞাপন করছি।


১৩-০৪-২০২১
(মোঃ মোহসীন)
সচিব।